বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

ইভেন্টস যেগুলোতে অংশ নিয়েনলেজ, স্কিল ও ওয়ার্ক এক্সপেরিয়েন্স ডেভেলপ হয়

- **সিম্পোজিয়াম:** সিম্পোজিয়াম হচ্ছে অ্যাকাডেমিকভাবে আয়োজিত একটি আনুষ্ঠানিক জমায়েত যে, কিছু ফিল্ডের এক্সপার্ট ব্যক্তিবর্গ উপস্থিত থাকে। কোনো একটি টপিকের উপর তারা তাদের নিজস্ব অভিজ্ঞতা বা মতামত উপস্থাপন করে থাকেন। সিম্পোজিয়াম এর মূল বৈশিস্ট্য হচ্ছে এটি সাধারণত একটি টপিক বা আইডিয়া নিয়ে আলোচনা করে থাকে।

- **সম্মেলন বা কনফারেন্স:** কনফারেন্স ও এক ধরণের আনুষ্ঠানিক জমায়েত, যেখানে বিভিন্ন ফিল্ডের এক্সপার্টরা তাদের মতামত ও অভিজ্ঞতা তুলে ধরে নির্দিষ্ট কোনো একটি বিষয়ের উপর অথবা একাধিক বিষয়ের উপর। কনফারেন্স যে সবসময় অ্যাকাডেমিক হতে হবে এমনটা কিন্তু নয়। যেমন, শিক্ষক-অভিভাবক সম্মেলন, ক্রীড়া সম্মেলন, জলবায়ু সম্মেলন, বাণিজ্য সম্মেলন ইত্যাদি।

- **সেমিনার:** সেমিনার হচ্ছে একধরণের অ্যাকাডেমিক নির্দেশনার জায়গা, হতে পারে এটি কোন বিশ্ববিদ্যালয়ের পক্ষ হতে অথবা কোন বাণিজ্যিক বা পেশাজীবি সংগঠন হতে। এর উদ্দেশ্য হল একটি ছোট গ্রুপে সবাইকে এনে কোন একটি নির্দিষ্ট বিষয়ে সবার দৃষ্টি আকর্ষণ করা ও সেই বিষয় সম্পর্কে বিস্তারিত সবাইকে জানানো। সেমিনার প্রত্যেক অংশগ্রহণকারিকেই স্বক্রিয় থাকতে অনুরোধ করা হয়। একজন প্রশিক্ষক একটি প্রেজেন্টেশন বা ইন্টারেকটিভ টুল বা ভিডিও তৈরি করে আনে, যেটি অবশ্যই প্রাষঙ্গিক হতে হয়।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

ইভেন্টস যেগুলোতে অংশ নিয়েনলেজ, স্কিল ও ওয়ার্ক এক্সপেরিয়েন্স ডেভেলপ হয়

- **ওয়ার্কশপ বা কর্মশালা:** সেমিনারে যা যা থাকে তার সবই ওয়ার্কশপে থাকে। তবে পার্থক্য হল সেমিনার বেশিরভাগ ক্ষেত্রেই তাত্ত্বিক লেকচার বা প্রেজেন্টেশনের সীমাবদ্ধ। অপরদিকে ওয়ার্কশপ "হ্যান্ডস অন প্র্যাকটিসে" জোড় দেওয়া হয় এবং আয়োজন করার জন্য ল্যাবরেটরি বা প্র্যাকটিকাল ওয়ার্কশপে। তাত্ত্বিক বিষয়গুলো লেকচার, প্রেজেন্টেশন এবং ল্যাবে বিভিন্ন প্র্যাকটিস এবং টেকনিকের মাধ্যমে সরাসরি দেখে এবং হাতে ধরে শেখার জন্য ডিজাইন করা হয়ে থাকে।

- **কংগ্রেস:** সাধারণত প্রতি ডিসিপ্লিনেই, সেই ফিল্ডের অর্জন ও উল্লেখযোগ্য ফলাফল তুলে ধরে বছরে একবার অনুষ্ঠিত হয়। এতে সাধারণত সেই ফিল্ডের লিডাররা উপস্থিত থাকে এবং লিডারদের সকলকেই আমন্ত্রণ করা হয় কথা বলার জন্য যা একটি সিরিজ বক্তৃতার মত।